গাংনীতে বিকট শব্দে বোমা বিস্ফোরণ, এলাকায় আতংক

লাল কসটেপ মোড়ানো বস্তুর গায়ে লাথি মারতেই বিকট শব্দে বিস্ফোরণ ঘটেছে। এতে কেউ হতাহত না হলেও এলাকায় নতুন করে তৈরী হয়েছে আতংক।

গাংনী উপজেলার কড়ুইগাছি বাজারের আদম ব্যবসায়ী রোকন আলীর মার্কেটের সামনে এই বিস্ফোরণের ঘটনা ঘটে।
আজ বুধবার (২৫ ডিসেম্বর) সকাল সাড়ে ১১ টার সময় এই বিস্ফোরণের ঘটনা ঘটে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, খবর শোনার পর পুলিশের একটি টিম ঘটনাস্থলের উদ্দেশ্য গেছেন।

মার্কেটের মালিক আদম ব্যবসায়ী রোকন জানান, আমি চারদিন আগে ঢাকায় এসেছি। আজকেই বাড়ি ফেরার জন্য পথের মধ্যে আছি। কড়ুইগাছি বাজারে আমার মার্কেট সংলগ্ন দ্বোতালা বাড়ি। মার্কেটে একটি রুম আমি আদম ব্যবসার অফিস হিসেবে ব্যবহার করি। অপর দুটিতে দোকান হিসেবে ভাড়ায় দেওয়া হয়েছে। আজ সকাল ১১ টার দিকে লাল কসটেপ মোড়ানো একটি বোমা পড়ে থাকতে দেখে ভাড়াটিয়া দোকানদার ধীরেন দাশ না বুঝেই সেটিকে লাথি মারে। লাথি মারার সাথে সাথে বিকট শব্দে বোমার বিস্ফোরণ। তবে কেউ হতাহত হয়নি।

উল্লেখ্য, গত ৪ নভেম্বর সকালে কড়ুইগাছি গ্রামের শ্রমিকলীগের রাইপুর ইউনিয়নের সাধারণ সম্পাদক সুমন ইসলামের বাড়ি থেকে দুটি হাতবোমা ও লাশ দাফনের সরঞ্জামসহ প্রাণনাশের হুমকি সংবলিত চিরকুট উদ্ধার করা হয়।

পরপর বোমা উদ্ধার ও বোমার বিস্ফোরণের ঘটনায় এলাকায় নতুন করে আতংক বিরাজ করছে।

মেহেরপুরের আমঝুপিতে ফ্রি মেডিকেল ক্যাম্প ও আলোচনা সভা

সাবেক চেয়ারম্যান মরহুম গোলাম মোস্তফার স্মরণে মেহেরপুরের আমঝুপিতে ফ্রি মেডিকেল ক্যাম্প ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আমঝুপি ছাত্র সমাজ ও যুব সমাজের উদ্যোগে বুধবার (২৫ ডিসেম্বর) সকাল ১১টায় মেহেরপুর সদর উপজেলার আমঝুপির গন্ধরাজপুর পাড়ায় (বটতলা মোড়) এই কর্মসূচি আয়োজন করা হয়।

অনুষ্ঠানে এলাকার সাধারণ মানুষদের ফ্রি মেডিকেল সেবা প্রদান করা হয়। অভিজ্ঞ ডাক্তারদের একটি দল রোগীদের বিভিন্ন স্বাস্থ্য পরামর্শ ও প্রয়োজনীয় ঔষধ সরবরাহ করেন।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল ইসলাম।

মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি ওমর ফারুক লিটনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মাদ।

এসময় তারা মরহুম গোলাম মোস্তফার কর্মময় জীবন, তার সমাজ সেবামূলক কাজ এবং স্থানীয় উন্নয়নে অবদান নিয়ে আলোচনা করা হয়।

এসময় সদর থানা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক হাসিবুজ্জামান স্বপ্ননসহ ইউনিয়ন বিএনপি’র বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে শিক্ষকের নেতৃত্বে

বিএনপি নেতার বাড়িতে হামলা ও ভাঙচুরের অভিযোগ

মেহেরপুরে পৌর বিএনপির সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক মনিরুল ইসলাম মনার বাড়িতে দুই দফা হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। এমপিও ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান আহমদ আলী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের শিক্ষক রিপনের নেতৃত্বে এ হামলার ঘটনা ঘটেছে বলে অভিযোগ মনিরুল ইসলাম মনার পরিবারের সদস্যদের। বিএনপির দলীয় কোন্দলের কারণেই এ হামলা বলে দাবি করেছেন মনার পিতা শফিকুল ইসলাম।

বুধবার (২৪ ডিসেম্বর) সন্ধ্যা ৭ টা ও রাত ৯ টার দিকে দুই দফায় মেহেরপুর পৌরসভার ২ নম্বর ওয়ার্ড মূখার্জী পাড়ায় অবস্থিত পৌর বিএনপি নেতা মনার বাড়ীতে এই হামলার ঘটনা ঘটেছে।

সরজমিনে ঘটনাস্থলে গেলে ভীত সন্ত্রস্ত মনার মা ও স্ত্রী বলেন, ‘প্রথম দফায় সাত আট জন লোক এসে এটা বিএনপি নেতা মনার বাড়ি কি না জিজ্ঞাসা করে বাড়ির গেটে তালা লাগিয়ে দিতে যাই। এ সময় তারা মনার পিতা শফির সাথে ধাক্কাধাক্কি করে চলে গেছিলো। পরে রাত ৯ টার দিকে দ্বিতীয় দফা হামলার সময় অর্ধশতাধিক লোক এসে ভাঙচুর চালায়। এ সময় তারা দেশীয় অস্ত্রে সজ্জিত ছিল। এসেই তারা মনার মায়ের হাত থেকে মোবাইল কেড়ে নিয়ে মাটিতে ফেলে দেয়। হামলাকালে তারা স্বর্ণের চেইন ও নগদ ৫৫ হাজার টাকা ঘর থেকে নিয়ে গেছে। হামলাকারীদের অনেকেরই মুখ বাধা ছিল। তবে আমরা এডভোকেট কামরুল হাসানের ভাই আহমদ আলী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের শিক্ষক রিপন
(৫০) কে চিনতে পেরেছি। অন্যদের মুখ বাধা ছিল বলে সকলের পরিচয় নিশ্চিত হতে পারিনি। এ ঘটনায় মেহেরপুর সদর থানায় আমরা লিখিত অভিযোগ দাখিল করেছি।’

মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও নবগঠিত আহবায়ক কমিটির সদস্য মাসুদ অরুন বলেন, ‘আমি হামলাস্থল পরিদর্শন করেছি, থানায় অভিযোগ দেয়া হয়েছে। পাশাপাশি আদালতে মামলা দায়েরের প্রস্তুতি চলছে।’

এ বিষয়ে কথা বলতে মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল ইসলামের সাথে যোগাযোগের চেষ্টা করলে তার মোবাইল নম্বরটি বন্ধ পাওয়া যায়।

জেলা আহবায়ক কমিটির যুগ্ন আহবায়ক-৩ ফয়েজ আহমেদের মোবাইলে কল দিলে ফোন ধরেন তার স্ত্রী। এ সময় তিনি বলেন ফয়েজ আহমেদ ঘুমিয়ে পড়েছেন। গভীর রাতে ফোন দেয়াতে তিনি বিরক্তি প্রকাশ করেন।

ঘটনার সত্যতা নিশ্চিত হতে মেহেরপুর সদর থানায় গেলে কর্তব্যরত ডিউটি অফিসার এস আই মোমিন বলেন, ‘ঘটনাস্থলে আমাদের টিম গেছে, তারা এখনো ফিরে আসেনি। এছাড়াও এ ঘটনায় এখন পর্যন্ত কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি।’

মেহেরপুর সদর থানার ওসি মেজবাহ উদ্দিন মুঠোফোনে বলেন, ‘আমাদের টিম ঘটনাস্থল পরিদর্শন করেছে, ভুক্তভোগী পরিবারকে লিখিত অভিযোগ দিতে পরামর্শ দিয়েছি। তবে এখন পর্যন্ত এ ঘটনায় লিখিত অভিযোগ আমাদের কাছে আসেনি। হয়তো রাতের কোন এক সময় ভুক্তভোগীরা লিখিত অভিযোগ জমা দিতে পারে।

মেহেরপুরের বারাদীতে সাংবাদিক সম্মেলন

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে মিথ্যা প্রোপাগান্ডা ছড়ানোর প্রতিবাদে সাংবাদিক সম্মেলন করেছে মেহেরপুর সদর উপজেলা যুবদলের সভাপতি লিয়াকত আলী মেম্বার ।

আজ মঙ্গলবার সকাল ১১ টার দিকে বারাদী ইউনিয়ন বিএনপি কার্যালয়ে এই সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

জানা যায়, বেশ কয়েক মাস যাবত একটি কুচক্রী সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে সদর উপজেলা যুবদলের সভাপতি লিয়াকত আলী সহ বারাদী ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক হুমায়ুন কবির, যুবদল নেতা আঃ হালিম ও রিপন আহমেদ এর নামে উদ্দেশ্য প্রণোদিত ভাবে বিভিন্ন ধরনের ছবি পোস্ট করে। গত কয়েকদিন আগে ফেসবুকে রুকাইয়া আফরিন নামের একটি আইডি থেকে বিএনপি’র এই সকল নেতাদের নামে চাঁদাবাজি নির্মাণ শ্রমিককে মারধর বারাদী খামারে শ্রমিক নিয়োগের বাণিজ্য দখলবাজি নকল সিগারেট বিক্রি ও মাদক ব্যবসা ইত্যাদি বিষয় নিয়ে

একটি পোস্ট করা হয় । এরই প্রতিবাদে সদর উপজেলা যুবদলের সভাপতি লিয়াকত আলী সাংবাদিক সম্মেলন করেন।

লিখিত বক্তব্যে তিনি বলেন, কতিপয় কুচক্রী মহল সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ভুয়া আইডি খুলে আমার বিরুদ্ধে মিথ্যা ও মানহানিকর পোস্ট করে আমার ইমেজ ক্ষুন্ন করার মিথ্যা অপচেষ্টা চালাচ্ছে। এবং বারাদী ইউনিয়নবাসীর সামনে আমাকে হেয় প্রতিপন্ন করার চেষ্টা করা হচ্ছে। আমার বিরুদ্ধে যে প্রোপাগান্ডা ছড়ানো হচ্ছে তা সম্পূর্ণ মিথ্যা এবং ভিত্তিহীন যা আমার জন্য বিব্রত কর। আমি এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই। আমার বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ আনা হয়েছে তার সাথে আমার কোন সম্পৃক্ততা নেই। একজন নির্মাণ শ্রমিককে ভয়-ভীতি দেখিয়ে তাকে ইঞ্জিনিয়ার সাজিয়ে জোরপূর্বক মিথ্যা স্বীকারোক্তি মূলক অডিও ক্লিপ বানিয়ে চাঁদাবাজির অভিযোগ করেছে। আমাকে সমাজের চোখে অপরাধী বানানোর জন্য আমার মান-সম্মান নষ্ট করার জন্য আমাকে মাদক ব্যবসায়ী বলে অপপ্রচার চালাচ্ছে। আমি কোন ধরনের নেশা মাদকদ্রব্যের সাথে সম্পৃক্ত নয় আমার বিরুদ্ধে মিথ্যা প্রোপাকাণ্ড ছড়ানো হয়েছে।

মেহেরপুর সদরের বারাদী বিএডিসি ফার্মে শ্রমিক নিয়োগ দিয়ে অর্থ বাণিজ্য নিয়ে মিথ্যাচার করা হয়েছে। সুপ্রিয় সাংবাদিকবৃন্দ আপনারা বিএডিসিতে কাজে নিয়োজিত শ্রমিকদের কাছে সরেজমিনে পরিদর্শন করে খোঁজ নিয়ে দেখতে পারেন । আমি এইগুলোর সাথে জড়িত কি না? যারা আমার বিরুদ্ধে মিথ্যাচার করছে তারা পরাজিত শক্তি, তারা অপরাজনীতি শুরু করেছে। অতীতে আওয়ামী প্রতিহিংসার শিকার হয়ে আমি মামলা হামলার শিকার হয়েছি। এখনো আমাকে সেই স্বৈরাচারের দোসররা বিভিন্নভাবে পরাজিত করতে বিএনপি’র ঊর্ধ্বতন নেতাদের কাছে আমার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করেছে। আমাকে যেন দল থেকে বহিষ্কার করা হয়। সেজন্য আমার বিরুদ্ধে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে বিভিন্ন ধরনের অপপ্রচার চালাচ্ছে।

এর আগেও আমার বিরুদ্ধে এই ধরনের মিথ্যা অপপ্রচার ছড়ানো হয়েছিল। আমি মেহেরপুর সদর থানায় এ বিষয়ে একটি সাধারণ ডায়েরি করেছি। তারপরেও তারা একের পর এক মানহানিকর মিথ্যা প্রোপাগান্ডা ছড়াচ্ছে। আমি আপনাদের মাধ্যমে মেহেরপুর জেলা বাসীর নিকট আবেদন জানায়, আমার বিরুদ্ধে এই ধরনের গুজব মিথ্যা প্রোপাগান্ডা মূলক কোনো ফেসবুক পোস্ট আপনারা বিশ্বাস করবেন না। এগুলোর সাথে আমি জড়িত নই বা এই ধরনের কাজের সাথে আমার কোন সম্পৃক্ততা নাই। তিনি আরো বলেন, আমি ইউনিয়ন পর্যায়ে নির্বাচন করার ইচ্ছা পোষণ করেছি।

আমার জনপ্রিয়তায় তারা ঈর্ষান্বিত হয়ে সামাজিকভাবে আমাকে হেয় প্রতিপন্ন করার জন্য এই ধরনের মিথ্যা অপপ্রচার চালিয়ে আসছে। আমি এর তীব্র নিন্দা জানাচ্ছি সেই সাথে এই কুচক্রীদের আইনের আওতায় এনে কঠোর শাস্তির আবেদন জানাচ্ছি।

এ সময় উপস্থিত ছিলেন প্রবীণ বিএনপি নেতা মীর আবুল হাশেম, বিএনপি নেতা নাসির উদ্দিন মেম্বার, কামরুজ্জামান মুকুল মেম্বার, আফারুল ইসলাম ডাবলু, আশরাফুজ্জামান আলিহিম মেম্বার, ইউনিয়ন যুবদলের সভাপতি লাল মোহাম্মদ, যুবদল নেতা দেওয়ান শফিকুল ইসলাম শফি, শ্রমিক ইউনিয়ন নেতা শফিকুল আজম সহ বিএনপির বিভিন্ন অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

মুজিবনগরে জাতীয় নাগরিক কমিটির মতবিনিময় সভা অনুষ্ঠিত

ফ্যাসিবাদি ব্যবস্থার বিলোপ ও নতুন রাজনৈতিক বন্দোবস্ত বাস্তবায়নের লক্ষ্যে, অভ্যুত্থানের শক্তি নাগরিক, আহত ও শহীদ পরিবারের সাথে তরুণ নাগরিকদের সমন্বয়ে গঠিত-জাতীয় নাগরিক কমিটির মতবিনিময় সভা (মুজিবনগর রাইজিং) অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (২৪ ডিসেম্বর) বিকেলে মেহেরপুর জেলা জাতীয় নাগরিক কমিটির আয়োজনে, মুজিবনগর উপজেলা পরিষদ অডিটোরিয়ামে এই মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

জেলা বৈষম বিরোধী ছাত্র আন্দোলনের সংগঠক আশিক রাব্বির সঞ্চালনায় মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন, জাতীয় নাগরিক কমিটির মাহমুদুল হাসান।

অতিথি হিসেবে বক্তব্য রাখেন জাতীয় নাগরিক কমিটির কেন্দ্রীয় সংগঠক নাঈম আহমেদ। স্বাগত বক্তব্য রাখেন হাসনাত জামান সৈকত, সমাপনী বক্তব্য রাখেন জাতীয় নাগরিক কমিটি কেন্দ্রীয় সদস্য শাকিল আহমেদ।

এ ছাড়াও উপস্থিত ছিলেন তামিম ইকবাল, আরিফ খান, তুষার, আমির

হামজা, শাওন শেখ ও বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দ এবং নাগরিক সমাজের প্রতিনিধি।

মুজিবনগরে জেলা বিএনপি’র আনন্দ মিছিল ও গণসংযোগ

মেহেরপুর জেলা বিএনপির নব নির্বাচিত সদস্য সচিব এডভোকেট কামরুল ইসলাম ও যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম ও ফয়েজ মোহাম্মদের নেতৃত্বে মুজিবনগরে একটি গণসংযোগ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

আজ মঙ্গলবার (২৪ ডিসেম্বর) বিকেল ৩ টার দিকে মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ থেকে এ আনন্দ মিছিল ও গণসংযোগ কার্যক্রম শুরু করেন তারা।

নেতৃত্বস্থানীয়দের সাথে স্থানীয় নেতাকর্মী ও সমর্থকরা গণসংযোগে অংশ নেন এবং জেলা বিএনপির নব নির্বাচিত সদস্য সচিব এডভোকেট কামরুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম ও ফয়েজ মোহাম্মদকে শুভেচ্ছা জানান।

এসময় জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আলমগীর খাঁন সাতু, ওমর ফারুক লিটন, সাবেক যুগ্ম সম্পাদক কাজী মিজান মেনন, পিপি আবু সালেহ মোহাম্মদ নাসিম, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুর রহমান লাবলু, আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, সদর থানা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা জিয়া মঞ্চের আহ্বায়ক এডভোকেট নজরুল ইসলাম, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব ও জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনিসহ বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে পৌর গাইডলাইন বিষয়ক এ্যাডভোকেসী সভা

মাঠ,পার্ক ও উম্মুক্ত স্থান, স্থানীয় জনগনকে শরীরচর্চায় উদ্বুদ্ধকরনে পৌর গাইডলাইন বিষয়ক এ্যাডভোকেসী সভা আয়োজন করা হয়েছে।

সিটিজেন নেটওয়ার্কের সহযোগীতায় মানব উন্নয়ন কেন্দ্র মউকের আয়োজনে আজ মঙ্গলবার সকাল ১০টার দিকে গাংনী পৌরসভার সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

মউকের নির্বাাহী প্রধান আসাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাাহী অফিসার ও গাংনী পৌরসভার প্রশাসক প্রীতম সাহা।

সভার লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করেন মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

নারীদের মুক্তভাবে চলার জন্য বিভিন্ন রোগ ও স্বাস্থ্য বিষয়ে আলোচনা করেন গাংনী সাস্থ্য কমপ্লেক্স ডাক্তার (আর এম ও) মাসুদুর রহমান।

এসময় আরো বক্তব্য রাখেন উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ নাছির উদ্দীন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ হোসনে মোবারক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোঃ আসাদুজ্জামান, সহকারী প্রকৌশলী ও সচিব মোঃ শামীম রেজা।

মানবাধিকার কর্মি ফাহিমা অখতারের পরিচালনায় জনপ্রতিনিধি, সাংবাদিক ও যুবসমাজের প্রতিনিধি সহ বিভিন্ন শ্রেনী পেশার প্রায় অর্ধশতাধিক মানুষ উপস্থিত ছিলেন।

মেহেরপুরের আমঝুপিতে মানববন্ধন ও আলোচনা সভা

মেহেরপুরের আমঝুপিতে বিশ্ব মানবাধিকার দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আজ মঙ্গলবার সকাল দশটার দিকে এএলআরডি‘র সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এ সভার আয়োজন করে।

মানব উন্নয়ন কেন্দ্র মউক হলরুমে মউকের প্রোগ্রাম ম্যানেজার ফাহিমা খাতুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মানব উন্নয়ন কেন্দ্র মউকের মানবাধিকার কর্মী আশাদুজ্জামান সেলিম।

জনসমবায় দলের উন্নয়ন কর্মী মোঃ শাহিনুর হোসেনের সঞ্চালনায় এ সময় জনসমবায় দলের নারীনেত্রীরা বলেন গ্রামীণ প্রান্তিক পর্যায়ে নারী কৃষকদের যে মৌলিক অধিকার সেটা থেকেও তারা বঞ্চিত হয় ও সরকারি সেবা থেকে ব্যাপকভাবে বঞ্চিত হয়ে থাকেন বলেও জানান মোছাঃ আলতাফন খাতুন, সপ্তমী রানী ও মোছাঃ মুক্তা খাতুন ।

এছাড়াও গ্রামীণ পর্যায়ে প্রান্তিক নারীদের উৎপাদন মূখী উন্নয়ন বিষয়ে সকলের অভিজ্ঞতা তুলে ধরা হয়।

রাতের আধারে বাড়ির দরজায় গিয়ে কম্বল দিলেন ইউএনও

মুজিবনগর উপজেলার গৌরিনগর গ্রামের ফাহিমা খাতুন(৪০)। গতকাল সোমবার রাতের খাবার খেয়ে ঘুমিয়ে পড়েন। রাত ঠিক সাড়ে ৯ টার দিকে কে যেন তার দরজায় কড়া নাড়ছে। ভয়ে সে অনেকটায় জড়সড়। রাতে কেউ তাকে ডাকার কথা নয়। তারপরও শীতের রাতে অনেকটায় আতঙ্ক নিয়ে বিছানা ছেড়ে দরজা খুলেই সে হতবাক। তার সামনে মাথায় টুপি, গায়ে জ্যাকেট জড়িয়ে মানুষ দাঁড়িয়ে আছে। হাতে রয়েছে কম্বল। সে প্রথমে চিনতে পারেনি।

টানা টানা কন্ঠে বলে উঠনে কারা আপনারা।

সাথে সাথে উপজেলা নির্বাহী অফিসার বলে আমি আপনাদের উপজেলার ইউএনও। আপনি রাতে শীতে কষ্ট করেন তাই আপনাকে শীতের কম্বল দিতে আসলাম। এর পরেই ফাহিমা খাতুনের হাতে একটি কম্বল তুলে দেন ইউএনও। কম্বল পেয়ে চোখে পানি চলে আসে ফাহিমা খাতুনের। এমন ভাবে ইউএনও তার বাড়িতে আসবে কখনো ভাবিনি সে। হঠাৎ ইউএনও কে বাসায় পেয়ে বলছিলেন তার কষ্টের কথা।

শুধু ফাহিমাই নয়, শত বর্ষ বয়সী করিমন নেছা, বেদেপল্লী , ভিক্ষুক সহ আরো অনেক অসহায় ব্যাক্তিদের বাড়ির দরজায় গিয়ে ঘুম থেকে ডেকে তুলে শীতের কম্বল দিচ্ছেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম।

এছাড়া গাড়িতে করে যেতে যেতে রাস্তায় চলাফেরা করা পাগল দেখলেও সাথে সাথে গাড়ি থেকে নেমে তাদের গায়ে কম্বল জড়িয়ে দিচ্ছেন তিনি। এতে করে পাগলেরাও খুশি হয়ে মাথায় হাত বুলিয়ে দিচ্ছে।

প্রচন্ড শীতের মধ্যে সরকারের কাছ থেকে বরাদ্দ পাওয়া কম্বল সঙ্গে নিয়ে উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম বাড়িতে গিয়ে নিজের হাতে কম্বল গায়ে জড়িয়ে দেন শীতার্তদের। রাস্তার পাশে, প্রত্যন্ত গ্রামের প্রকৃত অসহায় ও শীতার্ত মানুষদের খুঁজে খুঁজে কম্বল দেন তিনি।

এ সময় তাদের দুঃখ দুর্দশার কথা শোনেন। এবং যাদের বেশি প্রয়োজন এমন গরিব দুস্থদের হাতে কম্বল তুলে দেন তিনি। তীব্র শীতের মধ্যে কখনও এসব গ্রামে হেঁটে যান আবার কিছুদূর গাড়িতে যান ইউএনও।

কম্বল পেয়ে করিমন নেছা বলেন, এই শীতে কেউ কোনো খোঁজ না নিলেও ইউএনও নিজে এসে কম্বল দিয়েছেন। কম্বল পেয়ে আমি অনেক খুশি।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) খায়রুল ইসলাম বলেন, গতকাল রাতে বেদেপল্লী, রাস্তায় ঘুরে বেড়ানো পাগলসহ প্রায় ৫০টি পরিবারের দরজায় ঘুরে ঘুরে কম্বল দিয়েছি। এছাড়া উপজেলার কিছু মাদ্রাসায় ১৫০ টি মত কম্বল দিয়েছি।
পর্যায়ক্রমে এভাবেই খুজে খুজে অসহায় ব্যাক্তিদের মাঝে আমরা কম্বল বিতরন করবো।

তিনি আরও বলেন, এই শীতে গরিব, দুঃখী মানুষ খুব অসহায়। সবার উচিত

এসব অসহায়, দুস্থ ও দরিদ্রদের পাশে এসে দাঁড়ানো।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা লাল্টু মিয়া ও ছাত্র প্রতিনিধি সাওন হোসেন।

মুজিবনগরে বড়দিন উপলক্ষে উৎসবের আমেজ

রাত পোহালেই ২৫ শে ডিসেম্বর খ্রীষ্টান সম্প্রাদায়ের সবচেয়ে বড় উৎসব শুভবড়দিন, এ দিন জেরুজালেম এর বেথেলহেমে মা মারিয়ার গর্ভে জন্ম নিয়ে ছিল যীশুখ্রিষ্ট। বড়দিন উপলক্ষে রংবেরং এর বর্ণিল সাজে সেজেছে মুজিবনগর এলাকার খ্রিষ্টান পল্লীগুলো, বিরাজ করছে উৎসবের আমেজ দুরদুরান্ত থেকে নাড়ির টানে এলাকায় ফিরছে খ্রিষ্টান সম্প্রাদায়ের মানুষ আশেপাশের অন্য সম্প্রাদায়ের মানুষের মাঝেও উৎসবের আমেজ লক্ষ্য করা যাচ্ছে। খ্রিষ্টান পল্লীর পাড়ার মোড়ে মোড়ে যিশু খ্রিষ্ট বেথেলহেমের যে গোয়াল ঘরে জন্ম গ্রহন করেছিল তার আদলে তৈরি করা হয়েছে গোশালা।

আজ মঙ্গলবার দিবাগত রাত থেকে শুরু হবে মূল উৎসব। মুজিবনগর উপজেলায় সবচেয়ে বেশি খ্রিষ্টান সম্প্রাদায়ের লোক বাস করে বল্লভপুর ও ভবেরপাড়া গ্রামে।

বড়দিন উপলক্ষে বাগোয়ান ইউপি সদস্য বল্লভপুর গ্রামের মি: বাবুল মল্লিক জানান বড়দিন উপলক্ষে ডীনারির অন্তরর্গত চার্চ গুলোতে ব্যাপক আয়োজন করা হয়েছে।

আজ মঙ্গলবার সন্ধা সাড়ে ছয়টা থেকে গীর্জায় প্রার্থনা, আনন্দ ফুর্তি, নাচ গান এবং গোশালা গুলো উদ্বোধণ করা হবে এবং আগামীকাল বুধবার থেকে বল্লভপুর খেলার মাঠে ১শত বছরের ঐতিহ্য ৭দিন ব্যাপি আনন্দ উৎসব অনুষ্ঠিত হবে। বড় দিনের নিরাপত্তার জন্য প্রশাসন সর্বাত্বক সহযোগীতা করছেন, প্রশাসনের পাশাপাশি চার্চ ও মেলা কমিটিও নিরাপত্তার জন্য নিজস্ব ব্যবস্হা গ্রহন করেছে।

বল্লভপুর প্যারিস ইম্মানূয়েল চার্চের পুরোহিত রেভারেন্ট মৃত্যুঞ্জয় মন্ডল, জানান যীশু খ্রিষ্টের জন্মদিন শুভবড়দিন উপলক্ষে ইম্মানূয়েল চার্চের নিয়ন্ত্রনাধীন চার্চগুলোতে ব্যাপক আয়োজন করা হয়েছে। গীর্জাগুলো বর্ণীল সাজে সাজানো হয়েছে। আজ মঙ্গলবার রাত ৮ টার সময় খ্রিষ্ঠযাগ এর মাধ্যমে মূল অনুষ্ঠান শুরু হবে এবারের শুভ বড়দিনের মনসুর মুক্তিদাতার জন্মগ্রহণে বাক্য মাংসে মূর্তিমান।

বাগোয়ান ইউপি সদস্য ভবের পাড়া গ্রামের সিবাস্তিন মল্লিক জানান বড়দিন উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠানের নিরাপত্তার জন্য প্রশাসন সর্বাত্বক সহযোগীতা করছেন এবং খ্রিষ্টান সম্প্রাদায়ের মানুষ সহ সকল ধর্মালম্বীর মানুষ আমাদের সাথে সর্বাত্তক সহযোগীতা করছে।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম বলেন বড়দিন উপলক্ষে সরকারি সহায়তা হিসাবে উপজেলার ১৭টি চার্চ কে ৫ শত কেজি করে ঘরে চাউল দেওয়া হয়েছে এবং সাম্প্রদায়িক সম্প্রীতির সহিত সকল অনুষ্ঠান স্বতঃস্ফূর্তভাবে পালন করতে পারে তার জন্য সমস্ত ব্যবস্থা গ্রহন করা হয়েছে।

নিরাপত্তার বিষয়ে জানতে চাওয়া হলে মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান জানান, বড়দিন উপলক্ষে যে কোন অপ্রীতিকর ঘটনা প্রতিহত করার জন্য তিনস্তরের নিরাপত্তা ব্যবস্হা গ্রহন করা হয়েছে। তিনি নিজেও বিভিন্ন এলাকা ঘুরে নিরাপত্তা ব্যবস্থা তদারকি করছেন।

উপজেলার প্রত্যেকটি গীর্জায় সার্বক্ষনিক পোশাক পরিহিত অবস্থায় পুলিশ প্রহরার ব্যবস্থা করা হয়েছে। পাশাপাশি সাদা পোশাকে পুলিশের টিম কাজ করে যাবে। প্রতিবারের ন্যায় সরকারী নির্দেশনা অনুযায়ী খ্রিষ্টান সম্প্রাদায়ের মানুষ সতস্ফুর্ত ভাবে নিরাপত্তার মধ্যে যাতে বড়দিনের অনুষ্টান পালন করতে পারে প্রশাসনের পক্ষথেকে সবরকম ব্যবস্থা গ্রহন করা হয়েছে।